BNGE : 4th Sem
Dr. Biswajit Podder.

মধ্যভারতীয় আর্য (৬০০ খ্রী: পূ:- ৯০০ খ্রী:)

| স্তর | কালসীমা | আঞ্চলিক রূপ বা উপভাষা | প্রধান নিদর্শন |
|---|---|---|---|
| প্রত্নলিপির প্রাকৃত | খ্রী: পূ ৬ষ্ঠ শতাব্দী – খ্রী: ১ম " | উত্তর-পশ্চিমা<br>দক্ষিণ পশ্চিমা<br>প্রাচ্য-মধ্যা<br>প্রাচ্যা | অশোকের অনুশাসন<br>গীর্ণার "<br>কালসী "<br>ধৌলী ও জৌগড় " |
| সাহিত্যিক প্রাকৃত | খ্রী: ১ম শতাব্দী – ৬ষ্ঠ " | পৈশাচী<br>মহারাষ্ট্রী<br>শৌরসেনী<br>মাগধী<br>অর্ধমাগধী প্রাকৃত | জৈন গ্রন্থ, সংস্কৃত নাটকে নারী ও ভৃত্যের সংলাপ।<br>সংস্কৃত মহাকাব্য, নাটক ব্যাকরন, ছন্দশাস্ত্র |
| অপভ্রংশ | খ্রী: ৬ষ্ঠ শতাব্দী – ৯ম " | পৈশাচী,<br>মহারাষ্ট্রী<br>শৌরসেনী<br>মাগধী<br>অর্ধমাগধী<br>অপভ্রংশ | কয়েকটি মহাকাব্য, সংস্কৃত নাটকের কিছু সংলাপ ও বিচ্ছিন্ন কিছু গীতি কবিতা। |

Scanned with CamScanner

# মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

১) প্রাচীন ভারতীয় আর্যভাষার দুটি অর্ধব্যঞ্জন 'ঋ' 'ঌ' মধ্যভারতীয় আর্যভাষায় আর রইল না। 'ঌ' কার বৈদিক সংস্কৃতের শেষেই লোপ পেতে আরম্ভ করেছিল। 'ঋ' কার প্রাকৃতে এক এক রকম ধ্বনিতে পরিণত হতে আরম্ভ করে।

ঋ > অ/ই/উ/এ - মৃগ > মগ, মিগ, মুগ
ঋষি > ইসি।

২) ঐ, ঔ যৌগিক স্বর দুটি একক স্বর 'এ' 'ও' তে পরিণত হতে থাকে।

যেমন - ঔষধানি > ওসধানি
ধর্মানুশষ্টে > ধম্মানুসথিয়ে

3) 'অয়', 'অব' সঙ্কুচিত হয়ে - 'এ', 'ও' তে পরিণত হল।

ভবতি > ভোদি
পূজয়তি > পূজেতি

4) ঋ, র, ষ ধ্বনির পরবর্তী দন্ত্যধ্বনি (ত্, থ্, দ্, ধ্, ন্) > মূর্ধন্য ধ্বনি (ট্, ঠ্, ড্, ঢ্, ণ্) তে পরিণত।

যেমন - কৃত > কট

5) পদমধ্যস্থ বিষম ব্যঞ্জন সমব্যঞ্জনে পরিণত হল (সমীভবন)।

ভক্ত > ভত্ত

6) সংযুক্ত ব্যঞ্জনের মধ্যে 'ক্ষ' (ক্+ষ্) এর পরিবর্তন হয়েছে স্বতন্ত্র ধারায়। হয়েছে 'ক্খ'/'চ্ছ'। যেমন - বৃক্ষ > লুক্খ।

7) কখনো পদের আদিতে অবস্থিত সংযুক্ত ব্যঞ্জনের একটি লোপ পেয়েছে। যেমন - ত্রীনি > তিন্নি

8) কখনো বিপ্রকর্ষ লক্ষ্য করা যায়।

দ্বাদশ > দুবাদস (দ্ - ব্ এর মাঝে 'উ' আগম)

Scanned with CamScanner

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য:

ক) প্রাচীন ভারতীয় আর্যে শব্দের অন্তে স্থিত ধ্বনির পার্থক্য অনুসারে শব্দরূপ পৃথক হতো। কিন্তু মধ্য ভারতীয় আর্যে আ/ই/উ-কারান্ত শব্দ ছাড়া বাকি সব শব্দের রূপ অ-কারান্ত।

খ) দ্বিবচন লোপ পেল।

যেমন- দ্বৌ-ময়ূরৌ > দ্বো মোরা।

গ) প্রাচীন ভারতীয় আর্যে বিশেষ্য ও সর্বনামের পৃথক শব্দরূপ হতো। যেমন স্মিন্ > মহি (সপ্তমীর একবচনে সর্বনাম বিভক্তি)

বিজিতস্মিন্ > বিজিতমহি।

ঘ) মধ্যভারতীয় আর্যে ক্রিয়ার ভাব শুধু-নির্দেশক, অনুজ্ঞা সম্ভাবক।

ঙ) মধ্য ভারতীয় আর্যে অতীতের তিনটি ক্রিয়ার কালের মধ্যে লিট্ একেবারে লোপ পেল। বাকী লঙ্ ও লুঙ্ মিলে একটি রূপ হলো।

চ) প্রা. ভা. আর্যে ক্রিয়ারূপে- আত্মনেপদ ও পরস্মৈপদ দুই প্রকার ভেদ ছিল। মধ্য ভারতীয় আর্যে আত্মনেপদ লোপ পেল।

ছ) প্রাচীন ভারতীয় আর্যে বহুবচনে প্রায়ই প্রথমা, দ্বিতীয়ার ভিন্ন রূপ ছিল। যেমন- নর $\xrightarrow{\text{প্রথমা}}$ নরা:

নর $\xrightarrow{\text{দ্বিতীয়া}}$ নরান্।

কিন্তু মধ্য ভারতীয় আর্যে উভয়ক্ষেত্রে একই রূপ- 'নরা'।

Scanned with CamScanner